উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## সেপ্টেম্বর/২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ |
| সময় | : | সকাল: ১১.৪৫ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে আগস্ট/২২ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৩,২৯,৬৬,৯৯৪ টাকা। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে ১৭,৮৮,০০০ টাকা পাওয়া গেছে। সঠিক সময়ে কাজ বাস্তবায়ন এবং কাজের গুণগত মান ঠিক রাখার স্বার্থে উক্ত টাকার বিপরীতে দ্রুত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সুপারিশ করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২২-২৩ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত মোট ৩,২৯,৬৬,৯৯৪ (তিন কোটি উনত্রিশ লক্ষ ছেষট্টি হাজার নয়শত চুরানব্বই) টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে প্রাপ্য ১৭,৮৮,০০০ টাকার বিপরীতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ১০ জুলাই,২০১৭ সালের স্মারক নং ৫৪২ মূলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন,২০০৯ এর দ্বিতীয় তফসিলের ২২ নম্বর ক্রমিকে ইউনিয়নে নতুন বাড়ী, দালান নির্মাণ বা পুন:নির্মাণ এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদ এর দায়িত্ব রয়েছে। এ প্রেক্ষিতে উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভুত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণের জন্য উপজেলা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির মাধ্যমে বিভিন্ন বিধি বিধান অনুসরণ ও সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি (৫০% উপজেলা রাজস্ব তহবিল এবং ৫০% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের রাজস্ব তহবিলে) জমা দানের প্রেক্ষিতে লে- আউট প্ল্যান অনুমোদনের বিধান রয়েছে। এই প্রেক্ষিতে উপজেলা পরিষদ ও ইউনিয়নের রাজস্ব বৃদ্ধি এবং সরকারের নির্দেশনা বাস্তবায়নের প্রেক্ষিতে সকল ইউপি চেয়ারম্যানগণকে তার অধিক্ষেত্রাধীন নতুন ইমারত নির্মাণের ক্ষেত্রে উপজেলা পরিষদ থেকে লে-আউট প্ল্যান/নকশা অনুমোদন করানোর উপর | খ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের রাজস্ব বৃদ্ধি এবং সরকারের নির্দেশনা বাস্তবায়নের প্রেক্ষিতে জামালপুর সদর উপজেলা পরিষদস্থ বিভিন্ন ইউনিয়নে ইমারত নির্মাণের প্রাক্কালে উপজেলা পরিষদ থেকে লে-আউট প্ল্যান/নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কমিটি |

| | | |
|---|---|---|
| গুরুত্বরোপ করেন। | | |
| গ) উপজেলা প্রকৌশলী সভাকে আরো জানান যে, স্থানীয় সরকার বিভাগ ও জাইকার আর্থিক সহায়তায় জামালপুর সদর উপজেলায় বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৫ম পর্যায়) এর তিনটি উপ-প্রকল্পের নির্মান কাজ সুন্দর ভাবে সম্পন্ন হওয়ার দায়িত্বপ্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স এম এন ট্রেড, নাটোর সদর, নাটোর কে নিম্নোক্ত বিলগুলো অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করেন।<br>(ক) রানাগাছা ইউনিয়নের খড়খরিয়া নতুন পাড়া গ্রামের পানি নিষ্কাশনের জন্য আর সিসি ড্রেন নির্মাণ প্রকল্প। ভ্যাট ও আয়করসহ সমুদয় বিল বাবদ -২১,৫৮,৯৬৩ টাকা, এখানে ভ্যাট বাবদ-১,৬১,৯২২ টাকা এবং আয়কর বাবদ-১,০৭,৯৪৮ টাকা।<br>(খ) রহিমা মোজাফ্ফর আইডিয়াল গার্লস স্কুল এন্ড কলেজের শ্রেণী কক্ষ নির্মাণ। ভ্যাট ও আয়করসহ সমুদয় বিল বাবদ-১২২,৭৮,৫৬০ টাকা, এখানে ভ্যাট বাবদ-৯৫,৮৯২ টাকা এবং আয়কর বাবদ- ৬৩,৯২৮ টাকা।<br>(গ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগের প্রশিক্ষণ কক্ষ নির্মাণ প্রকল্প। ভ্যাট ও আয়করসহ সমুদ বিল বাবদ-১৫,৮০,৬৪৫ টাকা, এখানে ভ্যাট বাবদ-১,১৮,৫৪৮ টাকা এবং আয়কর বাবদ-৭৯,০৩২ টাকা। | সভায় বিস্তারিত আলোচনা ও মতামতের ভিত্তিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স এম এন ট্রেড" কে তাহার সমুদয় বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী জামালপুর সদর। |
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভাইরাসের মোট নমুনা সংগ্রহ করা হয়েছে মোট ২১,৫৩৩ টি। তন্মোধ্যে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ৩,১৮২ জন। ছাড় প্রাপ্ত রোগীর সংখ্যা ৩,১৪৪ জন। বর্তমানে হোম আইসোলেশনে আছে ০০ জন এবং এ যাবৎ করোনা আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন ৩৮ জন। গত ২৪ ঘন্টায় নতুন রোগী শনাক্ত ০০ জন। এবং গত ২৪ ঘন্টায় সুস্থ ০০ জন। এছাড়া ২৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ পর্যন্ত করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৭৭.৩০%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৭৬.০৬% এবং ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ৪৫.৩২%। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি রোপা আমন মৌসুমে ৩১,৪৭০ হেক্টর জমিতে রোপা আপন ধান চাষ করা হয়েছে। প্রতি মাসের ইউরিয়া বরাদ্দের পাশাপাশি ৭৫০ মে.টন সার অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া ২২-২৩ অর্থবছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের হতে ১০০ জন কৃষকদের মধ্যে মাসকালাই বীজ বিতরণ করা হবে। এত একজন কৃষক ৫ কেজি বীজ এবং ১০ কেজি ডিএপি এবং ৫ কেজি টিএসপি পাবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| ৪। মৎস্য বিভাগ:<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব খাতের পোনামাছ অবমুক্তকরনের আওতায় বরাদ্দ পাওয়া যেছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সুষ্টুভাবে চলছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, দাপ্তরিক কার্যক্রম যেমন, চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া চলতি মাসে গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,২৭০টি, হাঁস মুরগী ২৮,৭০০টি এবং গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে ৫,২০৮টি এবং হাঁস মুরগী ৫০,২০০টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,৪৩০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ১০ টি। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ২৮/০৯/২০২২খ্রি: পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১,৩৬,৩২০ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০০ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -১৩। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -৪২ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ৪৯ জন। প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এফডব্লিউসি)- ১৫ জন এবং প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি)-২১ জন। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসন:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের টি.আর/কাবিখার প্রকল্পের বরাদ্দ পাওয়া গেছে। এবং ইউনিয়নওয়ারী বিভাজন দেওয়া হয়েছে। দ্রুত সময়ের মধ্যে প্রকল্প তালিকা জমা প্রদান পূর্বক কাজ শুরু করার অনুরোধ জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। | ২০২২-২৩ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ দ্বারা সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, ৪৯ তম জাতীয় গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগীতা/২২ সম্পন্ন হয়েছে। এবং ২০২২ সালের এস.এস.সি, দাখিল ও ভোকেশনাল পরীক্ষা সুষ্ঠু ও সুন্দর ভাবে অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে। | সরকারি নির্দেশনা মেনে ক্রীড়া প্রতিযোগীতা সহ সকল শিক্ষা কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৯। শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। শিক্ষক এবং কর্মকর্তা ও কর্মচারীদের বদলী অন লাইন পদ্ধতিতে চালু হয়েছে। জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন (এন এস এ), ৩য় ও ৫ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য বাংলা ও ইংরেজী বিষয়ে নভেম্বর মাসের মাঝামাঝি সময়ে অনুষ্ঠিত হবে। আসন্ন পূঁজা উদযাপন উপলক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩০/০৯/২২ তারিখ থেকে ০৯/১০/২০২২খ্রি: তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| ১০। মহিলা বিষয়ক বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| ১১। সমাজসেবা বিভাগ:<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে প্রতিবন্ধি ভাতার জন্য ১০ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বর/২২ পর্যন্ত অনলাইনে আবেদন নেওয়া হয়েছে। আবেদনের সংখ্যার ভিত্তিতে পরবর্তীতে অধিদপ্তর থেকে বরাদ্দ পাওয়া যাবে। বর্তমানে আবেদনগুলো যাচাই বাছাই এর কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য প্রতিবন্ধি ভাতা মাসিক ৭৫০ থেকে ৮৫০ টাকা উন্নীত করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠ ও সঠিকভাবে প্রতিবন্ধি ভাতার আবেদনগুলো যাচাই বাছাই করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |
| ১২। যুব উন্নয়ন বিভাগ:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ৮,৮৫,০০০ টাকা। মোট ঋণ গ্রহীতার সংখ্যা ১৩ জন। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ১,৮০,৯৩৫ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। ১ম ব্যাচে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৩০ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| ১৩। সমবায় বিভাগ:<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর ২২০ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৮৬,০০,০০০ (তিন কোটি ছিয়াশি লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ৩,৬৬,০০,০০০ (তিন কোটি ছেষট্টি লক্ষ টাকা) টাকা। ঋণ আদায়ের হার ৫৪%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৭৩,৫৮,০৪০ (তেহাত্তুর লক্ষ আটান্ন হাজার চল্লিশ) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,২৬,২১৮ (সাত চল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার দুইশত আঠার) টাকা। ঋণ আদায়ের হার ৬৬%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| ১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় বলেন, সেপ্টেম্বর/২২ মাসের ঋণ বিতরণ করা হয়েছে ০০ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জত ঋণ বিতরণ করা হয়েছে ১০৬০.৩৮ লক্ষ টাকা। আদায় ৩.১৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জত ঋণ আদায় ৯৩০.৩৯। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিআরডিবি বিভাগের আওতায় বিভিন্ন ঋণ বিতরণ ও প্রশিক্ষণ ও কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় তিন অর্থ বছরের বরাদ্দ ১১৭০টি সাবমার্সজিবল পাম্পযুক্ত গভীর নলকুপের বরাদ্দ পাওয়া গেছে। এরমধ্যে ১১০৮ টি গভীর নলকুপের বোরিং | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |

| | | |
|---|---|---|
| এর কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৬২ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকুপের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি ওয়াশব্লকের মধ্যে ১৬ টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে বাকী ০৪টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৫টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৫টি কাজ সমাপ্ত হয়েছে এবং ৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের কাজ ৮০% শেষ হয়েছে। বাকী ০২টির কাজ শুরু হয়নি। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় (১ম পর্যায়) এর আওতায় ১১টি বরাদ্দ পাওয়া গেছে যার মধ্যে ৩টির কাজ সমাপ্ত হয়েছে এবং ০৮টির কাজ চলমান রয়েছে। এছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে ১ম পর্যায়ে ৪৩টি সাবমার্সিবল অগভীর নলকূপ ও ২য় পর্যায়ে ২৩টি ৬নং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। যার মধ্যে ১ম পর্যায়ে ৪৩টি বোরিং এর কাজ সম্পন্ন হয়েছে এবং ৪৩টি প্লাটফরমের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ২য় পর্যায়ে ২৭টি ৬নং অগভীর নলকূপ এর মধ্যে ২২টির বোরিং কাজ সম্পন্ন হয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। | | |
| **১৬। খাদ্য বিভাগঃ**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় বলেন যে, খাদ্য বান্ধব কর্মসূচীতে ভোক্তাদের ডাটা এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। ৩২,৩৩২ জন ভোক্তার যাচাই কাজ সম্পন্ন হয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের ডিজিটাল সেন্টারে উদ্যেক্তাদের মাধ্যমে যাচাই কাজ চলছে। যাচাই কাজ শেষে চলতি সেপ্টেম্বর মাস হতে নভেম্বর/২২ খ্রিঃ পর্যন্ত তিন মাসে ভোক্তাদের মাঝে ৩০ কেজি চাল ১৫ টাকা দরে চাল বিতরণ করা হবে। | খাদ্য বিভাগের আওতায় বিভিন্ন তালিকা তৈরি এবং খাদ্য বিতরণ কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| **১৭। বন বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| **১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |
| ১৮। বিএডিসি (সেচ)<br>সহকারী প্রকৌশলী (সওকা), বিএডিসি, জামালপুর জোন, জামালপুর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবেই চলছে। | বিস্তারিত আলোচনান্তে কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ মোতাবেক ব্যক্তি মালিকানাধিন অগভীর নলকূপের লাইসেন্স প্রদান ও খাল পুনঃখনন ও সংস্কার কাজ নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| **১৯। পাট উন্নয়ন কর্মকর্তাঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |
| **২১। পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ব্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর<br>জামালপুর। |
| ২২। বিবিধ:<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:<br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) বিদ্যুৎ বিল পরিশোধ।<br>(৬) আসবাবপত্র মেরামত। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত, বিদ্যুৎ বিল পরিশোধ ও আসবাব মেরামত করার সিদ্ধান্ত অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর। |
| (খ) হাটবাজার সম্পর্কিত:<br>সভায় ১৪২৭-২৮ বাংলা সনের হাট বাজার ইজারা লব্দ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য আলোচনা করা হয়। (১) বাশচড়া ইউনিয়নের বাশচড়া গরুর হাটে বালু ভরাট বাবদ-২,০০,০০০ টাকা এবং ছাগল হাটে বালু ভরাট -২,০০,০০০ টাকা। | বিস্তারিত আলোচনান্তে (১) বাশচড়া ইউনিয়নের বাশচড়া গরুর হাটে বালু ভরাট বাবদ-২,০০,০০০ টাকা এবং ছাগল হাটে বালু ভরাট -২,০০,০০০ টাকা ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী<br>ও সংশ্লিষ্ট কমিটি। |
| (খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :<br>রাজস্ব তহবিলের ৩০ আগস্ট/২০২২ থেকে ২৮ সেপ্টেম্বর/২২ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ৩০ আগস্ট/২০২২ থেকে ২৮ সেপ্টেম্বর/২২ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২০,৩১,৮৩১ (বিশ লক্ষ একত্রিশ হাজার আটশত একত্রিশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা | ৯৯,০০০ |
| মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২২,০০০ |
| আনসারের বেতন | ৮,৩৩৩ |
| আপ্যায়ন | ৩৭,৯৮০ |
| বাসাবাড়ী ও অফিস মেরামত | ৫৯,৫০০ |
| বজ্য ব্যাবস্থাপনা | ২২,০০০ |
| অফিসারর্স ক্লাবের সম্মূখে রাস্তা নির্মাণ | ৯৭,৮০০ |
| অফিস স্টেশনারী | ৪,৯৮০ |
| অফিস সরঞ্জাম | ৫,৫০০ |
| জাতীয় দিবস উদযাপন | ১২,০০০ |
| গ্রাম পুলিশদের বেতন | ১৩,৭১,৫০০ |
| আনসারের বাসভবন নির্মাণের বিল | ১,০০,৮৯৩ |
| বিজ্ঞাপন বিল | ১,৯০,৩৪৫ |
| সর্বমোট | ২০,৩১,৮৩১ |

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া বর্ষা টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

A. Hossain

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
পজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২২- ৯৪৮ তারিখ: ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা.........................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ..................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..............................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

২৯/০৯/২২

(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd